# পট গানের বিষয়সমূহ ও বাস্তবায়ন ব্যবস্থাপনা
# ইনোভেটিভ ডিআরআর প্রজেক্ট
# ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ
# তাহিরপুর, সুনামগঞ্জ

**পট গানের স্থানঃ**

সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার ১নং শ্রীপুর(উঃ) ইউনিয়ন; ২নং শ্রীপুর(দঃ) ইউনিয়ন ; ৩নং বড়দল(দঃ) ইউনিয়ন ; ৪নং বড়দল(উঃ) ইউনিয়ন; ৫নং বাদাঘাট ইউনিয়ন; ৬নং তাহিরপুর ইউনিয়ন; ৭নং বালিজুরি ইউনিয়ন ও তাহিরপুর উপজেলায় ৪৯টি পাবলিক প্লেসে পট গানের আয়োজন করা হবে।

**পট গানের সংখ্যা এবং বাস্তবায়ন সময়ঃ**

২০২৪ সালের জানুয়ারী মাসে শুরু করে ৩০ শে এপ্রিল, ২০২৪ এর মধ্যে শেষ করতে হবে। প্রতিটি ইউনিয়নে ৭ টি করে ইভেন্ট আয়োজন করা হবে । মোট ইভেন্টের সংখ্যা হবে ৪৯টি।

**দরপত্রের সংগে পটগান পরিচালনার বিষয়ভিত্তিক/স্ক্রিপ্ট জমা দিতে হবে। স্ক্রিপ্টে অবশ্যই নিম্নোক্ত বিষয়সমূহ প্রাধান্য পাবেঃ**

- আগাম বন্যা সতর্ক বার্তা প্রচার, দুর্যোগ প্রস্তুতি নেয়া, দুর্যোগ মোকাবেলা ও দুর্যোগের ক্ষয়-ক্ষতি কমানো।
- দুর্যোগের পূর্ব, দুর্যোগকালীন ও পরবর্তী সময়ে জনগনের করণীয়গুলি জানানো বা সচেতন করণ।
- ইউনিয়ন পরিষদে বাৎসরিক বাজেটে দুর্যোগ ব্যবস্থাপনা খাতে সুনির্দিষ্ট বাজেট বরাদ্দ করা এবং ব্যয় করা।

**বন্যাঃ স্বাভাবিক সময়ে করণীয়ঃ**

- ঘরবাড়ির ক্ষতি মেরামত করা ও বন্যার সর্বোচ্চ উচ্চতায় ঘরবাড়ি তৈরী করা
- ঘরের মধ্যে মাচা তৈরী করে তার উপর খাদ্যদ্রব্য ও অন্যান্য সামগ্রী সংরক্ষনের ব্যবস্থা করা।
- বাড়ীর টয়লেট বন্যার সর্বোচ্চ উচ্চতায় তৈরী করা এবং যদি টিউবওয়েল থাকে তাতে অতিরিক্ত পাইপ সংযোজন করে বন্যার সর্বোচ্চ উচ্চতায় স্থাপন করা
- শস্যবীজ সংরক্ষণ করা, গোয়াল ঘর উঁচু করা, গবাদি পশুর খাদ্য সংরক্ষন করা
- নিরাপদ আশ্রয়স্থলের সন্ধান করে রাখা, নিরাপদ আশ্রয়ে যাওয়ার জন্য যানবাহন অর্থাৎ নৌকা, ভেলা ইত্যাদি সংগ্রহ করে রাখা
- ফিটকিরি বা পানি বিশুদ্ধ করার বড়ি জোগার করে রাখা, ডায়রিয়া, আমাশয়, জ্বর ইত্যাদি রোগের জন্য কিছু ওষুধ কিনে রাখা
- গবাদি পশুকে প্রতিষেধক টীকা দেওয়া, পায়খানা মেরামত ও উঁচু করা, জ্বালানী সংগ্রহ ও সংরক্ষণ করা, আলগা চুলা তৈরী করে রাখা
- আপদকালীন সময়ের কথা চিন্তা করে সাধ্যমত সঞ্চয় করা

**বন্যা চলাকালীন / পরবর্তী সময়ে করণীয়ঃ**

- শিশুদের নিরাপদ স্থানে নেয়া ও সার্বক্ষনিক চোখে চোখে রাখা
- প্রতিবন্ধী ও বৃদ্ধ-বৃদ্ধাদের প্রতি নজর রাখা, গর্ভবতীদের প্রতি যত্নবান হওয়া

- গবাদি পশু ও হাঁস-মুরগী উঁচু স্থানে রাখা, খাবার দেয়া
- আসবাবপত্রের জন্য মাচা তৈরী করে উঁচু স্থানে রাখা
- পরিবারের কেউ অসুস্থ হলে তার সেবা যত্ন করা
- জ্বালানী কাঠ উঁচু স্থানে রাখা, বিশুদ্ধ পানি সংগ্রহ ও পানি বিশুদ্ধ করা
- সাপ ও পোকা মাকড় ইত্যাদির হাত থেকে বাঁচার জন্য সতর্ক থাকা

**বজ্রপাতের সময় নিরাপদ থাকতে করণীয়ঃ**
**ঘরের ভিতর**

- বাড়ির ধাতব দরজা, জানালা, সিঁড়ির রেলিং, কল, পাইপ ইত্যাদি ধরবেন না; জানালার কাছাকাছি বারান্দায় থাকবেন না; অবশ্যই জানালা বন্ধ রাখুন।
- বৈদ্যুতিক সংযোগযুক্ত সকল উপকরণ (টিভি, ফ্রিজ, কম্পিউটার, ল্যান্ড ফোনসহ অন্যান্য উপকরণ) ধরা থেকে বিরত থাকুন
- বাড়িতে যদি পর্যাপ্ত নিরাপত্তামূলক ব্যবস্থা না থাকে, তাহলে সবাই এক কক্ষে না থেকে আলাদা আলাদা কক্ষে যান

**ঘরের বাইরে**

- যত দ্রুত সম্ভব দালান বা পাকা ভবনের নিচে আশ্রয় নিন। টিনের চালার ঘর যথাসম্ভব এড়িয়ে চলুন
- উঁচু গাছপালা, খোলা স্থানে, বিচ্ছিন্ন যাত্রী ছাউনি, বিদ্যুতের লাইন বা বিদ্যুতের খুঁটি, মোবাইল টাওয়ার প্রভৃতি থেকে দূরে থাকুন
- সাঁতার কাটা, খোলা মাঠে খেলাধুলা করা, ছাউনি বিহীন নৌকায় ভ্রমণ থেকে বিরত থাকুন
- সমুদ্র বা নদীতে থাকলে মাছ ধরা বন্ধ রেখে নৌকার ছাউনির নিচে অবস্থান করুণ
- মটর সাইকেল, বাই সাইকেল, বা খোলা কোন যানবাহনে ভ্রমন করবেন না। বাস, মোটরগাড়ি বা লঞ্চে থাকলে, ধাতব অংশ ধরা থেকে বিরত থাকুন
- ধানখেত বা খোলা মাঠে থাকলে তাড়াতাড়ি কানে আঙ্গুল দিয়ে পায়ের আঙ্গুলের উপর ভর দিয়ে নিঁচু হয়ে বসুন
- বজ্রপাতে আহত ব্যক্তিকে বৈদ্যুতিক শকের প্রাথমিক চিকিৎসা সেবা দিন ও প্রয়োজনে হাসপাতালে প্রেরণ করুণ; বজ্রাহত ব্যক্তির শ্বাস-প্রশ্বাস ও হৃদস্পনদন ফিরিয়ে আনার চেষ্টা করুণ
- শেষ বজ্রপাত হবার পর অন্তত ৩০ মিনিট নিরাপদ আশ্রয়ে থাকুন

**খরা ও করণীয়:**

- বৃক্ষ নিধন বন্ধ করা ও যথেষ্ট পরিমান গাছ লাগানো
- জলবায়ুর পরিবর্তনের প্রভাবকে এডাপ্ট বা অভিযোজন করা

**অগ্নি প্রতিরোধে করণীয়:**

- বৈদ্যুতিক তার ত্রুটিমুক্ত কি না তা পরীক্ষা করুন
- খোলা বাতির ব্যবহার পরিহার করুন
- মিল কারখানায় ধুমপান বর্জন করুন ও সতর্কীকরণ পোস্টার লাগান
- হাতের কাছে সবসময় এক বালতি পানি ও এক বালতি বালি রাখুন

**পট গানের সময়কাল ঃ**
প্রতিটি প্রোগ্রাম বা ইভেন্ট ২ ঘন্টা ব্যাপী হতে হবে।

❖ এক্ষেত্রে স্থানীয় জনগনকে আকৃষ্টের জন্য প্রথম ৩০মিনিট সামাজিক গান/ফোকগান/স্থানীয়ভাবে প্রচলিত লোকজ গান করতে হবে।

- ❖ বাকি ১:০০ ঘন্টা সময় পটের মূল বিষয় নিয়ে পরিবেশন করতে হবে অর্থাৎ পটের দৈর্ঘ্য ১ঘন্টা বা ৬০মিনিট।
- ❖ বাকি ৩০মিনিট উল্লেখিত ইস্যুভিত্তিক গান বা নাটিকার আয়োজন করতে হবে।

**সময় অনুযায়ী পটের বিষয়সমূহ ঃ**
প্রথম ২-৩ মিনিট পটের ধুয়ো...

দ্বিতীয় ৫-৭ মিনিট সুরে সুরে দাতা সংস্থা (এডিএইচ জার্মানী), ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এবং ইনোভেটিভ ডিআরআর প্রজেক্ট-এর কর্মপরিধি (দুর্যোগ ঝুঁকি নিরুপন করা, ঝুকিঁ ও সম্পদের মানচিত্র তৈরী করা; ঝুঁকি হ্রাস কর্ম পরিকল্পনা প্রনায়ন; দক্ষতা ও স্বক্ষমতা বৃদ্ধিমূলক কার্যক্রম; দুর্যোগ সচেতনতা ও প্রস্তুতি কর্মসূচী; বন্যার মহড়া আয়োজন; সেচ্ছাসেবক ও যুবক-যুবতী দল গঠন এবং তাদের দ্বারা দুর্যোগ ঝুঁকি হ্রাস কার্যক্রম পরিচলিনা করা; দুর্যোগ আগাম সতর্ক বার্তা প্রচার; দুর্যোগ পূর্ব, কালীন ও পরবর্তী স্বাস্থ্য সেবা প্রদান; দুর্যোগ প্রতিরোধি পানি ও টয়লেট স্থাপন, পয়ঃনিষ্কাশন এবং জিবীকার ব্যাবস্থা করা; বনায়ন ও জলবায়ু পরিবর্তন প্রভাব সহনীয় আয় বৃদ্ধিমূলক কার্যক্রম)।

তৃতীয় ৫০মিনিট বিষয়ভিত্তিক পট উপস্থাপনা করতে হবে।

- ➢ ১০ মিনিট আগাম সতর্ক বার্তা প্রচার: আগাম বন্যা সতর্ক বার্তা প্রচার, দুর্যোগ প্রস্তুতি নেয়া, দুর্যোগ মোকাবেলা ও দুর্যোগের ক্ষয়-ক্ষতি কমানো। দুর্যোগ ঝুঁকি নিরুপন করা, ঝুকিঁ ও সম্পদের মানচিত্র তৈরী করা; ঝুঁকি হ্রাস কর্ম পরিকল্পনা প্রনায়ন; দক্ষতা ও স্বক্ষমতা বৃদ্ধিমূলক কার্যক্রম;

- ➢ ১০ মিনিট দুর্যোগের পূর্ব, দুর্যোগকালীন ও পরবর্তী সময়ে জনগনের করণীয়গুলি জানানো বা সচেতন করণ। দুর্যোগ সচেতনতা ও প্রস্তুতি কর্মসূচী; বন্যার মহড়া আয়োজন; সেচ্ছাসেবক ও যুবক-যুবতী দল গঠন এবং তাদের দ্বারা দুর্যোগ ঝুঁকি হ্রাস কার্যক্রম পরিচলিনা করা।

- ➢ ১০ মিনিট দুর্যোগ পূর্ব, দুর্যোগকালীন ও পরবর্তী পানিবাহিত রোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ও স্বাস্থ্য সেবা প্রদান; দুর্যোগ প্রতিরোধি এবং বন্যার সর্বোচ্চ উচ্চতায় পানি ও টয়লেট স্থাপন, পয়ঃনিষ্কাশন এবং জিবীকার ব্যবস্থা করা এবং সেগুলোকে জলবায়ু পরিবর্তনের ঝুঁকির সাথে খাপ খাওয়ানো; বনায়ন ও জলবায়ু পরিবর্তন প্রভাব সহনীয় আয় বৃদ্ধিমূলক কার্যক্রম।

- ➢ ১০ মিনিট ইউনিয়ন পরিষদে বাৎসরিক বাজেটে দুর্যোগ ব্যবস্থাপনা খাতে সুনির্দিষ্ট বাজেট বরাদ্দ করা এবং ব্যয় করা এবং দুর্যোগ কার্যক্রম শক্তিশালীকরণ ও দুর্যোগ কমিটিগুলো সক্রিয়করণ।

- ➢ ১০ মিনিট পট উপস্থাপনার পর উপস্থিত দর্শকদের কাছ থেকে কুইজ/প্রশেড়বর মাধ্যমে তারা তাদের করণীয় কী বুঝেছেন তা যাচাই করে নিতে হবে।

পরিশেষে ধন্যবাদ জ্ঞাপন করে পটের সমাপ্তি করতে হবে।

**সংস্থার দিকনির্দেশনা ও সার্বিক বাস্তবায়ন ব্যবস্থাপনা:**

- পট সংক্রান্ত যাবতীয় ছবি আঁকা ও টেক্সট লেখার দায়িত্ব প্রকল্পের নিদের্শনা অনুযায়ী দরদাতাকে গ্রহণ করতে হবে (দুর্বল মানের ছবি ও ভুল টেক্সট কোন ক্রমেই গ্রাহণযোগ্য হবে না )
- দরদাতা বাছাইয়ের ক্ষেত্রে পূর্বের অভিজ্ঞতা, বাজারে সুনাম, কোয়ালিটি সম্পন্ন স্ক্রিপ্ট ও প্রদত্ত দর বিবেচনা করা হবে।

- নির্বাচিত ভেন্ডরের ফাইনাল স্ক্রিপ্ট ফেরত দেওয়া হবে না এবং তা প্রকল্পের সম্পদ হিসেবে পরিগণিত হবে। তাই ভেন্ডরকে তাঁর কপি সংরক্ষণ করে অফেরৎযোগ্য কপি দাখিল করতে হবে। তবে মূল পটটি জমা দেওয়ার প্রয়োজন নেই।
- পটদলটি অবশ্যই নারী-পুরুষ ব্যালেন্স হতে হবে এবং দলের সাইজ অন্তত ৮জন (নারী- ৪জন, পুরুষ-৪জন) হতে হবে। এই তালিকা ভেন্ডরের প্রোফাইলে উল্লেখ করতে হবে।
- প্রোগ্রামের পূর্বে প্রচারণার জন্য মাইকিং এর ব্যবস্থা করতে হবে। প্রোগ্রামের দিন সকাল ৯টা হইতে ১১টা পর্যন্ত নির্ধারিত ভেন্যুর লোকালয়ে বা ঐ ইউনিয়ন এ মাইকিং প্রচারণা করতে হবে।
- সকালবেলায় আয়োজিত প্রোগ্রাম ১১টায় শুরু করতে হবে এবং ১টার মধ্যে শেষ করতে হবে। দুপুর/ বিকালবেলায় আয়োজিত প্রোগ্রাম ৩টায় শুরু করতে হবে এবং ৫টার মধ্যে শেষ করতে হবে ও ইভেন্ট হবে দিনে ১টি করে। তবে পর্যাপ্ত জনবল এবং যোগাযোগ ব্যবস্থা ভাল থাকলে দিনে ২টি ইভেন্ট করা যেতে পারে।
- পট সংগীত বা অনুষ্ঠান পরিচালনার জন্য সীমিত ডেকোরেশনের মাধ্যমে একটি স্টেজ, সামিয়ানা ও প্লাটফর্মসহ ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে স্টেজ সাইজ ১৫ফুট* ১২ফুট ফ্লোর ম্যাট থাকবে এবং উচ্চতা হবে ৩ ফুট। পিছনে সাইড পর্দা ১৫ফুট* ১২ফুট - ২ পাশে শক্ত খুঁটির সাথে সংযুক্ত থাকবে। উপরে ১৫ ফুট* ১২ফুট সামিয়ানা টানিয়ে দিতে হবে। প্রয়োজন অনুযায়ী শিল্পী বা পরিবেশনকারীদের চেঞ্জ এরিয়া রাখতে হবে। প্রোগ্রামের ব্যানার ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ কর্তৃপক্ষ সরবরাহ করবে।
- প্রত্যেকটি পট সংগীত অনুষ্ঠানের প্রাঙ্গনে দুর্যোগ বার্তাসহ ২০টি ফেস্টুন অনুষ্ঠানের চারিপাশে টানিয়ে দিতে হবে। এই একই ফেস্টুন সকল পট সংগীত অনুষ্ঠানে ব্যবহার করতে হবে।
- পট সংগীত বা অনুষ্ঠান পরিচালনার জন্য পর্যাপ্ত মাইক্রোফোন বা মাউথ স্পিকার (অন্তর ৫টি এর মধ্যে ২টি কর্ডলেস), ২টি সাউন্ড বক্স ও ১টি মাইক সহ ত্রুটিমুক্ত সাউন্ড সিস্টেমের ব্যবস্থা করতে হবে।
- প্রোগ্রাম পরিচালনার জন্য বিদ্যুৎ ব্যবস্থা নির্বাচিত প্রতিষ্ঠানকে আয়োজন করতে হবে। বৈদ্যুতিক গোলযোগ দেখা দিলে বা লোডসেডিং থাকলে অনুষ্ঠান পরিচালনার জন্য জেনারেটর ব্যবস্থা রাখতে হবে।
- প্রোগ্রাম উপভোগ করতে আসা এলাকাবাসীর জন্য স্টেজের সামনে মাঠ/স্থানে চেয়ারের মাধ্যমে বসার ব্যবস্থা করতে হবে। প্লাস্টিক চেয়ারের মাধ্যমে অন্তত ২০০ মানুষের বসার ব্যবস্থা করতে হবে। ২০০ মানুষের বসার উপরে সমান আয়তনের সামিয়ানার ব্যবস্থা করতে হবে।
- শিশু, প্রতিবন্ধী ব্যক্তি, নারী, কিশোরী, বৃদ্ধ, তৃতীয় লিঙ্গের মানুষদের উপস্থিতিকে প্রাধান্য দিতে হবে এবং বসার ব্যবস্থাকে অগ্রাধিকার দিতে হবে।
- আযান/নামাজের সময় অনুষ্ঠান বা মাইকিং কার্যক্রমে বিরতি রাখতে হবে।
- প্রকল্প অফিস কর্তৃক প্রদত্ত এলাকা বা স্থানের তালিকা অনুযায়ী অনুষ্ঠান আয়োজন করতে হবে। নির্ধারিত দিনে আলোচনা সাপেক্ষে ১টি পট সংগীত অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে। তবে পরিস্থিতি বিবেচনায় কোন কোন দিন ১ এর অধিক পট সংগীত করা যেতে পারে।
- নির্বাচিত ভেন্ডর প্রকল্প অফিস কর্তৃপক্ষের সহিত আলোচনা করে পট সংগীত অনুষ্ঠান আয়োজনের প্লান তৈরি করবে। প্লানের পরিবর্তন হলে বা কোন কারণে নির্ধারিত অনুষ্ঠান করতে না পারলে অগ্রিম প্রকল্প অফিস কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- পট সংগীত বা অনুষ্ঠান আয়োজনের জন্য পর্যাপ্ত নিরাপত্তা ও অন্যান্য ব্যবস্থা নির্বাচিত প্রতিষ্ঠানকে গ্রহণ করতে হবে।
- ইনোভেটিভ ডিআরআর প্রজেক্ট বা ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ কর্তৃপক্ষ চুক্তিবদ্ধ খরচের বাহিরে কোন ধরণের যাতায়াত, খাবার, লেবার/শ্রমিক বা অন্য যেকোন খরচ বহন করবে না বা করতে বাধ্য থাকবে না।
- নির্বাচিত ভেন্ডর বা প্রতিষ্ঠানকে পট সংগীত বা অনুষ্ঠান আয়োজনের জন্য সকল ধরনের খরচ (মাইকিং, স্টেজ, সাউন্ড সিস্টেম, শিল্পী/অভিনেতা, যাতায়াত, খাবার বিবেচনা করে কোটেশন প্রদান করতে হবে।
- ইভেন্টের শেষে উপস্থিত দর্শকদের মধ্যে কুইজের মাধ্যমে পট গানের দ্বারা যেসকল তথ্য প্রদান করা হয়েছে তা জনগণ কতটুকু বুঝেছে তা প্রশ্নোত্তরের মাধ্যমে যাচাই করতে হবে। উপস্থিত দর্শক কি বুঝেছেন এবং তাদের করণীয় কী (এ্যাকশন পয়েন্ট) তা তাদেরকে প্রশ্ন করে জেনে নিতে হবে। যারা সঠিক প্রশ্নের উত্তর দিতে পারবে তাদেরকে

পুরস্কৃত করতে হবে। কুইজ/প্রশ্নের সঠিক উত্তর দাতা ১০ – ১৫জনকে পুরস্কৃত করা হবে। পুরস্কার প্রজেক্ট কর্তৃপক্ষ সরবরাহ করবে। পুরস্কারের সংখ্যা প্রজেক্টের সাথে আলোচনা করে ঠিক করে নিতে হবে। তবে কুইজ ও তার উত্তর নির্বাচিত প্রতিষ্ঠানকে আগেই তৈরি করে প্রজেক্ট কর্তৃপক্ষকে দেখিয়ে অনুমোদন করে নিতে হবে।

- পট পরিবেশনার জন্য প্রকল্প কর্তৃপক্ষের সাথে আলোচনা করে একটি সিডিউল তৈরি করতে হবে।
- যে এলাকায় ইভেন্ট বাস্তবায়ন করা হবে সেই এলকার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ও সিএসও (সিভিল সোসাইটি অরগানাইজেশন), মেম্বার এর সাথে যোগাযোগ ও সমন্বয় করতে হবে।
- সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ওয়ার্ডের মেম্বারের সাথে আলোচনা করে তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাঁদের দ্বারা পট উপস্থাপনার সেশন উদ্বোধন করা যেতে পারে।
- সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড মেম্বর অথবা ওয়ার্ডের সিএসও (সিভিল স্যোসাইটি অর্গানাইজেশন) এর নেতৃত্বে পট উপস্থাপনার সেশন আয়োজন করতে হবে। আগেই ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড মেম্বরের অথবা সিএসও এর সাথে আলোচনা করে নিতে হবে। প্রকল্প কর্তৃপক্ষ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড মেম্বরের অথবা সিএসও দের তালিকা নির্বাচিত প্রতিষ্ঠানকে সরবরাহ করবে।
- নির্ধারিত খরচ বা পেমেন্ট, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ কর্তৃপক্ষের ফিনান্সিয়াল নিয়মানুযায়ী S2B এর মাধ্যমে প্রদান করা হবে। ৬০% পট সেশন শেষ করার পর ৫০% পেমেন্ট দেয়া হবে এবং বাকী ৫০% পেমেন্ট দেয়া সম্পূর্ণ কাজ শেষ করার পর।
- দরপত্র জমা দেয়ার তারিখ: দরপত্র আগামী ২ জানুয়ারী, ২০২৪ এর মধ্যে সফট কপি নিম্নোক্ত ইমেইলে জমা দিতে হবে
- ভেন্ডর বা সেবাদাতাকে টেকনিক্যাল মান যাচাইয়ে ন্যূনতম (নিম্নোক্ত ছকের ক্রমিক ১-৪, মোট নম্বর ৭০ এর মধ্যে) ৭০% পাস নম্বর (৪৯ নম্বর) পেতে হবে।

**মান যাচাই নির্ণায়ক ছকঃ**

| ক্রমিক নং | বিবরণ | নম্বর |
|---|---|---|
| ১ | **দরপত্রের সংগে পটগান পরিচালনার বিষয়ভিত্তিক পান্ডুলিপি/ স্ক্রিপ্ট জমা দিতে হবে। স্ক্রিপ্টে নিম্নোক্ত বিষয় প্রাধান্য পাবে -** | ৪০ |
| **ক্রমিক নং** | **বিবরণ** | **নম্বর** |
| | ➢ আগাম সতর্ক বার্তা প্রচার: আগাম বন্যা সতর্ক বার্তা প্রচার, দুর্যোগ প্রস্তুতি নেয়া, দুর্যোগ মোকাবেলা ও দুর্যোগের ক্ষয়-ক্ষতি কমানো। দুর্যোগ ঝুঁকি নিরুপন করা, ঝুকিঁ ও সম্পদের মানচিত্র তৈরী করা; ঝুঁকি হ্রাস কর্ম পরিকল্পনা প্রনায়ন; দক্ষতা ও স্বক্ষমতা বৃদ্ধিমূলক কার্যক্রম<br>➢ দুর্যোগের পূর্ব, দুর্যোগকালীন ও পরবর্তী সময়ে জনগনের করণীয়গুলি জানানো বা সচেতন করণ। দুর্যোগ সচেতনতা ও প্রস্তুতি কর্মসূচী; বন্যার মহড়া আয়োজন; সেচ্ছাসেবক ও যুবক-যুবতী দল গঠন এবং তাদের দ্বারা দুর্যোগ ঝুঁকি হ্রাস কার্যক্রম পরিচলিনা করা।<br>➢ দুর্যোগ পূর্ব, দুর্যোগকালীন ও পরবর্তী পানিবাহিত রোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ও স্বাস্থ্য সেবা প্রদান; দুর্যোগ প্রতিরোধি এবং বন্যার সর্বোচ্চ উচ্চতায় পানি ও টয়লেট স্থাপন, পয়ঃনিষ্কাশন এবং জিবীকার ব্যবস্থা করা এবং সেগুলোকে জলবায়ু পরিবর্তনের ঝুঁকির সাথে খাপ খাওয়ানো; বনায়ন ও জলবায়ু পরিবর্তন প্রভাব সহনীয় আয় বৃদ্ধিমূলক কার্যক্রম। | |

| | | |
|---|---|---|
| | ➢ ইউনিয়ন পরিষদে বাৎসরিক বাজেটে দুর্যোগ ব্যবস্থাপনা খাতে সুনির্দিষ্ট বাজেট বরাদ্দ করা এবং ব্যয় করা এবং দুর্যোগ কার্যক্রম শক্তিশালীকরণ ও দুর্যোগ কমিটিগুলো সক্রিয়করণ।<br>➢ স্থানীয় সরকারী প্রতিষ্ঠান থেকে যথাযথ সেবা প্রদানের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, যুব গোষ্ঠী এবং ইউনিয়ন স্বেচ্ছাসেবকদের সাথে ট্যাগ করতে কমিউনিটির লোকদের প্রভাবিত করুন<br>➢ বন্যা ও অন্যান্য দুর্যোগের আগে, দুর্যোগকালীন ও পরে প্রয়োজনীয় প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সবচেয়ে ঝুঁকিপূর্ণ পরিবার, দুর্বল গোষ্ঠী এবং সম্প্রদায়ের উপর প্রভাব<br>➢ দুর্বলতা, দুর্যোগের ঝুঁকি এবং প্রভাবগুলি হ্রাস করার জন্য এবং দুর্যোগ মোকাবেলায় তাদের ক্ষমতা বৃদ্ধির জন্য সমস্ড় দুর্বল গোষ্ঠী সহ সম্প্রদায়ের লোকদের সংবেদনশীল করা | |
| ২ | ভেন্ডরের প্রোফাইল (নাম, ঠিকানা, জনবল, অর্জন, বিশেষ স্বীকৃতি, বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট, ব্যাংক | ৫ |
| ৩ | পুর্বের অভিজ্ঞতা (কন্ট্রাক্ট নথি, অভিজ্ঞতা সনদ ইত্যাদি) | ১০ |
| ৪ | প্রতিষ্ঠানের সুনাম বা পরিচিতি (ফোন নম্বরসহ পূবের সেবা গ্রহীতাদের তালিকা*)<br>*পূর্বে প্রদত্ত সেবার মান যাচাইয়ের জন্য সেবা গ্রহীতাদের সাথে যোগাযোগ করা হবে। | ১৫ |
| ৫ | প্রদত্ত দর | ৩০ |
| | **মোট নম্বর ১০০** | ১০০ |

**Ethics:**

- Sign on WVB Child Protection Security and Behavioral policy protocol and SWORN statement
- Parental and child informed consent must be taken before engaging any children to any activities. Informed consent means that people have explicitly agreed to participate in the process after being informed in ways that they can understand about each of the following:
- The purpose and expected benefits or outcomes of the child participation activity
- The potential risks and consequences of being involved in the process
- The time commitment and other expectations of participants
- The ability to refuse to participate or to withdraw from the activity at any time
- For research with children, informed consent includes being informed about all of the points above plus:
- The methods or ways in which the data is being collected
- The topics of information that are being collected and discussed
- The intended use of the information, and if any information is held in confidentiality
- Child Participation Risk Assessment needs to be done before involving children in any tasks.

## Contact Person:

**Rabindra Jacob Tripura,** Project Officer, Innovative DRR Project, World Vision Bangladesh
Phone: + 8801755511617 I Email: rabindra_jacob_tripura@wvi.org

**Sree Arup Das,** Project Officer, Innovative DRR Project, World Vision Bangladesh
Phone: + 8801730781116 I Email: sreearupratan_das@wvi.org

**Arther Pronob Biswas**, Finance Officer, Innovative DRR Project, World Vision Bangladesh

Phone: + 8801713371354 I Email: artherbiswas@wvi.org

**Mohammad Jafar Alan , Project Manager- Innovative DRR Project** World Vision Bangladesh

Phone: + 88017155657187 I Email: Mohammad_jafar_alam@wvi.org

**John Dibakar Roy, National Coordinator-DRR & CCA, HEA & CCA,** World Vision Bangladesh;
Phone: + 8801711 888408 | Email: RoyJohn@wvi.org.